

আল-আদাবুল মুফরাদ

হাদিস নম্বরঃ ১১৫৩

সভা-সমাবেশ ও তার রীতিনীতি

পরিচ্ছেদঃ ৫৪১- মজলিসে লোকজনের ঘাড় টপকিয়ে সভাপতির নিকট গমন।

بَابُ يَتَخَطَّى إِلَى صَاحِبِ الْمَجْلِسِ

আরবী

حَدَّثَنَا بَيَانُ بْنُ عَمْرٍو، قَالَ: حَدَّثَنَا النَّضْرُ، قَالَ: أَخْبَرَنَا أَبُو عَامِرٍ الْمُزَنِيُّ هُوَ صَالِحُ بْنُ رُسْتَمٍ، عَنْ ابْنِ أَبِي مُلَيْكَةَ، عَنْ ابْنِ عَبَّاسٍ قَالَ: لَمَّا طُعِنَ عُمَرُ رَضِيَ اللَّهُ عَنْهُ كُنْتُ فِي مَنْ حَمَلَهُ حَتَّى أَدْخَلْنَاهُ الدَّارَ، فَقَالَ لِي: يَا ابْنَ أَخِي، اذْهَبْ فَانْظُرْ مَنْ أَصَابَنِي، وَمَنْ أَصَابَ مَعِيَ، فَذَهَبْتُ فَجِئْتُ لِأَخْبَرُهُ، فَإِذَا الْبَيْتُ مَلَانٌ، فَكَرِهْتُ أَنْ أَتَخَطَّى رِقَابَهُمْ، وَكُنْتُ حَدِيثَ السِّنِّ، فَجَلَسْتُ، وَكَانَ يَأْمُرُ إِذَا أُرْسِلَ أَحَدًا بِالْحَاجَةِ أَنْ يُخْبِرَهُ بِهَا، وَإِذَا هُوَ مُسَجَّى، وَجَاءَ كَعْبٌ فَقَالَ: وَاللَّهِ لَئِنْ دَعَا أَمِيرُ الْمُؤْمِنِينَ لِيُبْقِيَنَّهُ اللَّهُ وَلَيَرْفَعَنَّهُ لِهَذِهِ الْأُمَّةِ حَتَّى يَفْعَلَ فِيهَا كَذَا وَكَذَا، حَتَّى ذَكَرَ الْمُنَافِقِينَ فَسَمَى وَكَنَى، قُلْتُ: أُبَلِّغُهُ مَا تَقُولُ؟ قَالَ: مَا قُلْتُ إِلَّا وَأَنَا أُرِيدُ أَنْ تُبَلِّغَهُ، فَتَشَجَّعْتُ فَقُمْتُ، فَتَخَطَّيْتُ رِقَابَهُمْ حَتَّى جَلَسْتُ عِنْدَ رَأْسِهِ، قُلْتُ: إِنَّكَ أَرْسَلْتَنِي بِكَذَا، وَأَصَابَ مَعَكَ كَذَا، ثَلَاثَةَ عَشَرَ، وَأَصَابَ كُلِّبًا الْجَزَّارَ وَهُوَ يَتَوَضَّأُ عِنْدَ الْمِهْرَاسِ، وَإِنْ كَعْبًا يَحْلِفُ بِاللَّهِ بِكَذَا، فَقَالَ: ادْعُوا كَعْبًا، فَدُعِيَ، فَقَالَ: مَا تَقُولُ؟ قَالَ: أَقُولُ كَذَا وَكَذَا، قَالَ: لَا وَاللَّهِ لَا أَدْعُو، وَلَكِنْ شَقِيَّ عُمَرُ إِنْ لَمْ يَغْفِرِ اللَّهُ لَهُ.

বাংলা

১১৫৩। ইবনে আব্বাস (রাঃ) বলেন, উমার (রাঃ) সন্ত্রাসী কর্তৃক আহত হলে যারা তাকে ধরে তার ঘরে নিয়ে আসেন, আমিও তাদের সাথে ছিলাম। তিনি আমাকে বলেন, হে ভ্রাতুষ্পুত্র! বাইরে গিয়ে দেখো, কে আমাকে হামলা করেছে এবং আমার সাথে আর কে আহত হয়েছে? আমি বাইরে গিয়ে তাকে খবর দেয়ার জন্য ফিরে এলাম। দেখি যে, ঘর লোকে লোকারণ্য। তাই আমি তাদের ঘর ডিঙ্গিয়ে সামনে যেতে পছন্দ করলাম না। আমি ছিলাম উঠতি বয়সের যুবক। অতএব আমি বসে পড়লাম। আর তিনি কাউকে কোন কাজে পাঠালে নির্দেশ দিতেন, সে যেন ফিরে এসে তাকে তা অবহিত করে। তখন তার শ্বাসকষ্ট হচ্ছিল।

ইত্যবসরে কাব (রাঃ) এসে বলেন, আল্লাহর শপথ! আমি রুল মুমিনীনের দোয়া করা উচিত যাতে আল্লাহ তাকে এই উম্মাতের জন্য জীবিত রাখেন। অন্যথায় তিনি তাকে তুলে নিলে এই এই (অনিষ্ট) ঘটতে পারে। এমনকি কাব (রাঃ) মোনাফিকদের নাম-উপনাম ও তাদের সংখ্যা পর্যন্ত উল্লেখ করেন। আমি বললাম, আপনি যা বললেন তা আমি তার নিকট পৌঁছাবো। কাব (রাঃ) বলেন, তুমি তার কাছে পৌঁছাবে এই উদ্দেশ্যেই তো আমি বলেছি। এবার আমি (ইবনে আব্বাস) সাহস সঞ্চার করে উঠে দাঁড়ালাম এবং লোকজনের ঘাড় ডিঙ্গিয়ে সামনে অগ্রসর হয়ে তার শিয়রে গিয়ে বসলাম।

আমি বললাম, আপনি আমাকে এজন্য পাঠিয়েছিলেন। আপনার সাথে আরো তেরোজন আহত হয়েছেন। কুলাইব আল-জায়যারও আহত হয়েছেন, তখন তিনি উখলির (পানির চৌবাচ্চা) নিকট উঠে বসেছিলেন। আর কাব (রাঃ) আল্লাহর শপথ করে এই এই কথা বলেছেন। তিনি বলেন, কাবকে ডাকো। তিনি কাব (রাঃ)-কে ডাকলেন। উমার (রাঃ) জিজ্ঞেস করেন, আপনি কি বলেছেন? তিনি বলেন, আমি এই এই কথা বলেছি। উমার (রাঃ) বলেন, না, আল্লাহর শপথ আমি দোয়া করবো না। আল্লাহ যদি উমারকে ক্ষমা না করেন তবে সে তো হতভাগ্য।

English

Ibn 'Abbas said, "When 'Umar, may Allah be pleased with him, was attacked, I was one of those who carried him into his house. He said to me, 'Nephew, go see who wounded me and who was wounded with me.' I went and returned to tell him, but the room was full at that time. I did not want to step over people's necks because I was young, and so I sat down. 'Umar's rule when he sent someone for a need was that he commanded him not to tell about it. 'Umar had a cover over him. Ka'b came and said, 'By Allah, if the Amir al-Mu'minin makes supplication, Allah will let him remain alive and restore him to this community until he does such-and-such and such-and-such for them' until Ka'b mentioned the hypocrites. He actually named them and used their kunyas. I said, 'Shall I convey to him what you have said?' Ka'b said, 'I only said it because I intended that it be done.' I plucked up courage and stood up, I stepped over people's necks until I sat by 'Umar's head. I said, 'You sent me to find out such-and-such. Thirteen people were wounded with you. Kulayb ibn al-Jazzar was wounded while he was doing wudu' from the cistern. Ka'b swore such-and-such by Allah.' He said, 'Summon Ka'b.' He was summoned and 'Umar asked, 'What did you say?' He replied, 'I said such-and-such.' He said, 'No, by Prophet, I will not make supplication. 'Umar will be wretched if Allah does not forgive him.'"

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আহসান পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=46537>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন